মেহেরপুরে কবুতর উড়ানো প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের উদ্যোগে ২০২৩-২০২৪ সালে কবুতর উড়ানো প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ শুক্রবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে কবুতর উড়ানো প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ করা হয়।

মেহেরপুর পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবীর রিপনের সভাপতিত্বে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টাঙ্গাইল পিটিসির পুলিশ সুপার ইমামুর রশীদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রফিকুল ইসলাম, সৈয়দ আল মামুন, মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহিন রেজা।

মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের উদ্যোগে ৪ মাস ব্যাপি কবুতর উড়ানো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সেখানে একক কবুতর উড়ানো প্রতিযোগিতা ২০২৪ সালে প্রথম স্থান অধিকার করেছে সৈয়দ মঞ্জুরুল কবীর (রিপন) কবুতর উড়ার সময় ১১ ঘন্টা ৪৪ মিনিট। ২য় স্থান অধিকার করেছে রকিবুল ইসলাম (রফিক) কবুতর উড়ার সময় ১০ ঘন্টা ২৮ মিনিট। ৩য় স্থান অধিকার করেছে রকিবুল কবুতর উড়ার সময় ৯ ঘন্টা ৪৩ মিনিট।

গত বছর মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের উদ্যোগে একক কবুতর উড়ানো প্রতিযোগিতা ২০২৩ সালে প্রথম স্থান অধিকার করেছে সুজন আলী কবুতর উড়ার সময় ১১ ঘন্টা ১৮ মিনিট। ২য় স্থান অধিকার করেছে বজলু শেখ কবুতর উড়ার সময় ১০ ঘন্টা ৫৩ মিনিট। ৩য় স্থান অধিকার করেছে জাহিদ সোহান কবুতর উড়ার সময় ১০ ঘন্টা ২৪ মিনিট।

মেহেরপুরে হাইফ্লায়ার পিজিয়ন এ্যাসোসিয়েশনের প্রচার সম্পাদক

আব্বাস রনি পুরস্কার বিতরণ অনুষ্ঠানের সঞ্চালনা করেন।

চুয়াডাঙ্গায় প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

চুয়াডাঙ্গায় প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।রবিবার চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠ স্কুল মাঠে এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের অধ্যক্ষ মোঃ শাহাবুদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেহ এবং মনকে সুস্থ সবল রাখতে প্রত্যেক মানুষের ক্রীড়া চর্চা করা উচিত। এ দেশের নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

উল্লেখ চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের আয়োজনে রবিবার সকাল থেকে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগীতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম। এ সময় আরও উপস্থিত ছিলেন

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক আকাশ খবরের সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি সহ চুয়াডাঙ্গা প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের শিক্ষার্থী শিক্ষক ও অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গায় কালেক্টরেট স্কুল এন্ড কলেজ কর্তৃক আয়োজিত চাঁদমারী মাঠে গত মঙ্গলবার বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তারই ধারাবাহিকতায় সোমবার বিকাল তিনটার সময় বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতার পুরষ্কার বিতরণী এবং সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবির হোসেনের সভাপতিত্বে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

এ সময় তিনি আরও বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন ক্রীড়া প্রেমিক মানুষ। দেশ এবং দেশের মানুষ কিভাবে সবসময় উন্নতি লাভ করবে এটার জন্য সবসময় কাজ করে যাচ্ছেন তিনি। দেশ এবং দেশের বাইরে কিভাবে ক্রীড়ার মাধ্যমে আরও ব্যাপক হারে পরিচিত লাভ করা

যায় এজন্য তিনি নতুন নতুন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছেন ।

উল্লেখ গত মঙ্গলবার চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজের আয়োজনে চুয়াডাঙ্গা চাঁদমারি মাঠে সকাল দশটার সময় জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

পুরষ্কার বিতরণী ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মাসুদুজ্জামান, চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার সুমাইয়া পারভীন সহ চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল এন্ড কলেজের শিক্ষকমন্ডলী সহ অভিভাবকবৃন্দ।

কুষ্টিয়ায় মেধা’র রজতজয়ন্তী উপলক্ষে সাধারণ জ্ঞান প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ

মেধা’র রজতজয়ন্তী উপলক্ষ্যে আমীন সার্জিকেল এর সৌজন্যে সালেহ-আমীন সাধারণ জ্ঞান প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৭ ফেব্রুয়ারি) সকালে শহরের কারামায় চাইনিজ রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক মোঃ আাবদুর কাদের।

মেধা’র নির্বাহী পরিষদের সহ-সভাপতি মোঃ শাহ নেওয়াজ আনসারী মঞ্জুর সভাপতিত্বে এবং সদস্য সচিব শামীম আহমেদের সার্বিক তত্বাবধায়নে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমাজসেবা অফিসার মোঃ জহিরুল ইসলাম এবং সালমা খানম, মেধার উপদেষ্টা পরিষদের সদস্য ড. নবীনূর রহমান খান, এসএম কাদেরী শাকিল, রফিকুল

ইসলাম রফিক, আব্দুল মান্নান বিদ্যুৎ, আইয়ুব হোসেন, মোকাররম হোসেন মোয়াজ্জেম প্রমুখ।

মেধা একটি কল্যাণকামী প্রতিষ্ঠান উল্লেখ করে বক্তারা বলেন, কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন। এ সংগঠনের মাধ্যমে যে সব কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে তা জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে। মেধার মাধ্যমে এ অঞ্চলের বিপুল সংখ্যক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে উপকৃত হয়ে আসছে যা আমাদের দেশের জন্য অনুকরনীয় হয়ে থাকবে।

বক্তারা আরও বলেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা- সামগ্রী প্রদান, শিক্ষাবৃত্তি প্রদান, বিনামুুল্যে কম্পিউটার প্রশিক্ষন প্রদানসহ নানান মহৎ কর্মসূচি মেধাবীদের লালনে সচেষ্ট থেকে জেলার দরিদ্র অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ গঠনে অনুপ্রেরণামূলক কার্যক্রম পরিচালনা করে চলেছে এজন্য তারা প্রশংসা পাবার যোগ্য।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেধার প্রচার সম্পাদক মোঃ আলমগীর আশরাফ। পরে বিভিন্ন ক্যাটাগরীতে সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরষ্কার তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানে মেধার নির্বাহী পরিষদ ও সাধারন সদস্যরা ছাড়াও শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় মেধা’র রজতজয়ন্তী উপলক্ষে রচনা প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ

কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শিশির কুমার রায় বলেছেন, কুষ্টিয়ার ‘মেধা’ জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে।

শুধু তাই নয়, ‘মেধা’ সংগঠনটি জেলার সেবামূলক স্বেচ্ছাসেবী

সংগঠনের একটি প্রতিকৃতি হয়ে উঠেছে।

আজ মঙ্গলবার সকালে শহরের কারামায় চাইনিজ রেস্তোরায় মেডিক্যাল, এডুকেশন এন্ড হেলথ্ ডেভেলপমেন্ট এসোসিয়েশন (মেধা)’র রজত জয়ন্তী উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মেধা একটি কল্যাণকামী প্রতিষ্ঠান উল্লেখ করে তিনি আরও বলেন, কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন। এ সংগঠনের মাধ্যমে যে সব কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে তা জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে। মেধার মাধ্যমে এ অঞ্চলের বিপুল সংখ্যক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে উপকৃত হয়ে আসছে যা আমাদের দেশের জন্য অনুকরনীয় হয়ে থাকবে।

তিনি আরও বলেন, মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে নিষ্ঠার সাথে কোন কাজ করলে যে একদিন সাফল্য আসবেই ‘মেধা’ তার প্রকৃষ্ট উদাহরণ। আজ অনেকেই মেধা’র কর্মকান্ডে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত হয়ে সহযোগীতার হাত সম্প্রসারিত করছেন। আমি প্রত্যাশা করি ‘মেধা’ তার মানবকল্যাণকর কর্মকান্ড নিয়ে সুনামের সাথে এগিয়ে চলুক।

মেধা’র নির্বাহী পরিষদের সহ-সভাপতি মোঃ শাহ নেওয়াজ আনসারী মঞ্জুর সভাপতিত্বে এবং সদস্য সচিব শামীম আহমেদের সার্বিক তত্বাবধায়নে অন্যানের মধ্যে বিশেষ অতিথি ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মুহা. মুরাদ হোসেন, জে.এস. এন্টারপ্রাইজ, কুষ্টিয়ার স্বত্তাধিকারী মোঃ জহিরুল ইসলাম, মেধার উপদেষ্টা পরিষদের সদস্য ড. নবীনূর রহমান খান, প্রফেসর অজয় কুমার মৈত্র, এসএম কাদেরী শাকিল, রফিকুল ইসলাম রফিক, আব্দুল মান্নান বিদ্যুৎ, আইয়ুব হোসেন, মোকাররম হোসেন মোয়াজ্জেম প্রমুখ।

সভাপতির বক্তব্যে মেধা’র নির্বাহী পরিষদের মেধা’র নির্বাহি পরিষদের সহ-সভাপতি মোঃ শাহ নেওয়াজ আনসারী মঞ্জু বলেন, ১৯৯৯ সালে কুষ্টিয়ার কয়েকজন উদ্যোমী মানুষ মিলে সমাজের পিছিয়ে পড়া অসচ্ছল পরিবারের মেধাবী সন্তানদের কল্যাণের স্বার্থে কুষ্টিয়ায় মানবকল্যাণমুখী শিক্ষা সহায়তামুলক এই ‘মেধা’ স্বেচ্ছাসেবী সংগঠন প্রতিষ্ঠা করেন। যদিওবা এটি প্রতিষ্ঠার কয়েকবছর পর আমি মেধার সাথে সম্পৃক্ত হয়েছি।

এর মাধ্যমে শিক্ষা-সহায়তা, বিনামুল্যে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান, গুনীজন সম্মাননা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, শীতবস্ত্র

বিতরণ, হুইলচেয়ার বিতরণ, সেলাই মেশিন প্রদানসহ নানান সামাজিক কর্মকান্ড পরিচালনা করে আসছি।

সভায় বক্তারা বলেন, কুষ্টিয়ায় বিশিষ্ট শিক্ষানুরাগী ব্যাক্তিদের সমন্বয়ে পরিচালিত মেধা শিক্ষা বিস্তার ও উন্নয়নে কুষ্টিয়ায় সাধারণ ও কারিগরি সকল অঙ্গনে স্বার্থক ভূমিকা রেখে চলেছে। শিক্ষা সহায়তা প্রদানের মাধ্যমে মেধাবী দরিদ্র ও সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুযোগ করে দিয়ে তাদেরকে নতুনভাবে বড় হওয়ার যে স্বপ্ন দেখাচ্ছে। তা অভাবনীয় এবং প্রসংশার দাবীদার।

বক্তারা আরও বলেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা- সামগ্রী প্রদান, শিক্ষাবৃত্তি প্রদান, বিনামুুল্যে কম্পিউটার প্রশিক্ষন প্রদানসহ নানান মহৎ কর্মসূচি মেধাবীদের লালনে সচেষ্ট থেকে জেলার দরিদ্র অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ গঠনে অনুপ্রেরণামূলক কার্যক্রম পরিচালনা করে চলেছে এজন্য তারা প্রশংসা পাবার যোগ্য।

পরে বিভিন্ন ক্যাটাগরীতে রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরষ্কার তুলে দেন অতিথিরা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেধার সাংস্কৃতিক সম্পাদক আলমগীর আশরাফ।

অনুষ্ঠানে মেধার নির্বাহী পরিষদ ও সাধারন সদস্যরা ছাড়াও শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় জাতীয় গ্রন্থগার দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ

‘গ্রন্থাগারে বই পড়ি, স্মার্ট বাংলাদেশ গড়ি’-এ প্রতিপাদ্য নিয়ে কুষ্টিয়ায় জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষে আজ শনিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এসময় তিনি বলেন, প্রতিটি বইয়ের পাতায় পাতায় আনন্দ ছড়িয়ে আছে। এ আনন্দ খুঁজে নিতে পারলে আলোকিত মানুষ হওয়া সম্ভব। আর আলোকিত মানুষরাই সমাজ ও দেশকে এগিয়ে নিয়ে যাবেন। তাই বই পড়ার সংস্কৃতিকে আরো শাণিত করতে হবে। তাই বেশি বেশি করে বই পড়ার প্রতি গুরুত্ব দেন তিনি।

সরকারি গণগ্রন্থাগারের সিনিয়র লাইব্রেরিয়ান (অতিরিক্ত দায়িত্ব) মুনমুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার তারেক জুবায়ের, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পার্থ প্রতীম শীলসহ অন্যান্যরা।

এ উপলক্ষে সপ্তাহব্যাপী আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার ও সনদ বিতরণ করা হয়। এর আগে বর্ণাঢ্য শোভাযাত্রা সড়ক প্রদক্ষিণ শেষে অনুষ্ঠানস্থলে এসে শেষ হয়।

কোটচাঁদপুরে ৫২ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ

কোটচাঁদপুরে শীতকালীন ক্রীড়া বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন করা হয়েছে। রবিবার স্থানীয় পাইলট মাধ্যমিক বিদ্যালয় থেকে এ পুরস্কার দেয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের

প্রধান শিক্ষক ইসাহক আলী, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মফিজুর রহমান। এ ছাড়া উপস্থিত ছিলেন, ৩৩ টি স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র ছাত্রীরা।

এ বছর ৪৫ টি ইভেন্টে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আর এ সব খেলায় অংশ গ্রহন করেন,উপজেলার ৩৩ টি স্কুল কলেজ ও মাদ্রাসার ছাত্র ছাত্রীরা। পরে প্রতিযোগিতায় বিজয়দের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

চুয়াডাঙ্গা আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা সরকারি কলেজের আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ কৃষিশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ও আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের সভাপতি সহযোগী অধ্যাপক রুহুল আমিন এর সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন জয়- পরাজয় মিলেই খেলাধুলা। এটা মেনে নিয়ে এগিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করতে অত্যন্ত জরুরী। খেলাধুলা শারীরিক গঠন,মানসিক বিকাশ ও নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা একান্তভাবে জরুরী। তিনি বিজয়ী, বিজিত ও খেলায় অংশগ্রহণকারী- সবাইকে অভিনন্দন জানান।

এ সময় তিনি আরও বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার।মাননীয় প্রধানমন্ত্রী

শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। এ সময় তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজ বেশি বেশি সকল প্রকার খেলাধুলা আয়োজন করার প্রত্যয় ব্যক্ত করেন এবং আগামীতে আরও বড় প্রতিসরে খেলা আয়োজনে হবে বলে জানান তিনি। পুরুষ্কার বিতরণ শেষে টুর্নামেন্ট সফল করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, রোভার স্কাউটস, রেড ক্রিসেন্ট ও বিএসিসি সদস্য সকলকে আন্তরিকতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের নিজস্ব তত্বাবধানে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়।মোট চারটি গ্রুপে ১৫টি বিভাগের খেলোয়াড়দের অংশগ্রহণ টুর্নামেন্টে প্রাণবন্ত হয়ে ওঠে। ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা সরকারি কলেজের একাদশ- দ্বাদশ বিভাগ ও ব্যবস্থাপনা বিভাগ অংশগ্রহণ করে। নিদিষ্ট সময় শেষে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ব্যবস্থাপনা বিভাগ। খেলায় একাদশ-দ্বাদশ বিভাগকে ১ গোলে হারাই ব্যবস্থাপনা বিভাগ।

টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধাক্ষ্য ফারজানা কেতকী, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম

এ সময় আরও উপস্থিত ছিলেন, হিসাব বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আবু বক্কর সিদ্দিক, বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. আব্দুল আজিজ,সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান, সহযোগী অধ্যাপক ফরহাদ হোসেন, সহযোগী অধ্যাপক হাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক দেলোয়ার হোসেন, প্রভাষক ইয়াজিদ হোসেন, প্রভাষক তুষার আহমেদ,প্রভাষক আজিম হোসেন সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের বিভিন্ন বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রভাষক বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা ডিঙ্গেদহে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের ডিঙ্গেদহ বাজার বাফার মাঠে গতকাল শনিবার দুপুর সাড়ে তিনটার সময় মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্টে শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ৪নং ওয়ার্ডের সাবেক মেম্বর আবুল কালাম আজাদের সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

এ সময় তিনি বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। সুন্দর সমাজ গঠন করতে বেশি করে খেলাধুলার আয়োজন করার আহ্বান জানান তিনি।

মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ফাইনাল খেলায় সুবদিয়া স্পোর্টিং ক্লাব হানুড়বাড়াদি স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন । খেলার ফলাফল হানুড়বাড়াদি স্পোর্টিং ক্লাব ০ সুবদিয়া স্পোর্টিং ক্লাব ১

এ সময় বিশেষ অতিথি হিসেবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের আইসি হারুন আর রশিদ, ডিঙ্গেদাহ বাজারের বিশিষ্ট ব্যবসায়ি জাকির হোসেন জোয়ার্দ্দার বাবু, চুয়াডাঙ্গা সোনালী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেডের ব্রাঞ্চ ম্যানেজার তরিকুল ইসলাম তুহিন, খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক বাবুল মুন্সী।

এ সময় আরও উপস্থিত ছিলেন, শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সাধারণ

সম্পাদক সেলিম রেজা, সাংগঠনিক সম্পাদক মাহফুজ, পদ্মবিলা ইউনিয়ন যুব লীগের সভাপতি বনফুল, যুগ্ন সাধারণ সম্পাদক সুমন মেম্বর, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মাসুম হোসেন, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, রিংকু ইসলাম, আমজেদ, শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগ নেতা মোমিন, শামিম, সাইফুদ্দীন, রাজু, আলিফ, রাশেদ, মেহেদি, সাকিব, শুভ, মিলন, শিপন, সাইদ, রাসেল, সুজন আমান, রুবেল, ফাহাদ, শাকিল, নয়ন, সাবেক ফুটবল বৃন্দ উপস্থিত ছিলেন ।

জীবননগরে ৭মার্চ উদযাপন উপলক্ষে প্রতিযোগী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ

জীবননগর উপজেলায় ৭মার্চে উদযাপন উপলক্ষে প্রতিযোগী শিক্ষাথীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে সকাল ৮টার সময় জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্মমাল্য দেওয়া হয় এবং দুপুর ১২টার সময় জীবননগর উপজেলা অডিটোরিয়ামে ঐতিহাসিক ৭মার্চ উদযাপন উপলক্ষে চিত্র অংকন, ছড়া-কবিতা ও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের ওপর শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে প্রতিযোগীতায় ১ম ২য় ও ৩য় স্থান বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান হাফিজ, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মোঃ

আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুস সালাম ইশা, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস প্রমুখ।